

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
জেলা কার্যালয়, রাজশাহী  
<http://doict.rajshahi.gov.bd/>

নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নুরুজ্জামান দেওয়ান প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৬/১১/২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	ই-নথি/ ডি-নথি ব্যবহার	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করতে হবে।	প্রোগ্রামার, রাজশাহী এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাজশাহী
০২.	শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার	SOMS (Smart Office Management System) সফটওয়্যার এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	SOMS (Smart Office Management System) সফটওয়্যারে <a href="http://soms.gov.bd">soms.gov.bd</a> তে লগইন করে প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন লক্ষ্যমাত্রা নিধারণ এবং পরিদর্শন তথ্য আপলোড করা প্রতি মাসের ৫ তারিখের মধ্যে জেলা অফিসে রিপোর্ট প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০৩.	সিটিজেন চার্টার আপলোড সংক্রান্ত	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০৪.	ভিডিও কনফারেন্স এ সহযোগিতা প্রদান	উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করতে হবে।	সংশ্লিষ্ট সকল

০৫.	সুরক্ষা সংক্রান্ত	উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা নিয়ে নানাবিধ আলোচনা করা হয়।	উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সাধারণ জনগন সেবা নিতে আসলে সেবা গ্রহীতাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করতে হবে।	প্রোগ্রামার, রাজশাহী
০৬.	শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন এবং জয় SET Center এর ফলক উন্মোচন	শেখ রাসেল দিবস ২০২৩ জেলা এবং উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় উদ্‌যাপন এবং জয় SET Center এর ফলক উন্মোচন করা হয়।	শেখ রাসেল দিবস ২০২৩ জেলা পর্যায়ে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বর্ণাঢ্য র্য়ালী, সভা/সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, প্রেজেন্টেশন প্রস্তুত প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন এবং উপজেলা পর্যায়ে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বর্ণাঢ্য র্য়ালী, সাংস্কৃতিক অনুষ্ঠান, সভা/সেমিনার, উপস্থিত বক্তৃতা/আবৃত্তি প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, প্রোগ্রামিং বা কুইজ প্রতিযোগিতা, প্রেজেন্টেশন প্রস্তুত প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন প্রভৃতি উদ্‌যাপন এবং জয় SET Center এর ফলক উন্মোচন করা হয়।	সংশ্লিষ্ট সকল
০৭.	নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল সংক্রান্ত	নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল বিষয়ে আলোচনা করা হয়।	সকল প্রতিবেদন প্রেরণে সচেতন হতে হবে এবং যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও নিয়মিত ফলো-আপ নিতে হবে।	সংশ্লিষ্ট সকল
০৮.	যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি	যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার ব্যাপারে আলোচনা করা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী এর জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০৯.	পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সংক্রান্ত	অফিস কক্ষ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা কার্যালয়ের অফিস কক্ষ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১০.	বিবিধি	উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।	উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভূত বিষয়সমূহে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*Sudham*

২১-১১-২০২৩

মোঃ নুরুজ্জামান দেওয়ান  
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

৬ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৮১০০.০০০.০৬.০০১.২২.২৫০

বিতরণ :

১। মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্যবৃন্দ।



*Sudham*

২১-১১-২০২৩

মোঃ নুরুজ্জামান দেওয়ান  
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)